



‘সেরিসিলিন’ প্রযুক্তি হস্তান্তর

সেরিসিলিন

রেশম শিল্প একটি কৃষিজ এবং কুটির শিল্পের সংযোজন। রেশম চাষ পশ্চিমবঙ্গের প্রধান অর্থকরী ফসলগুলির অন্যতম। পলুপোকার রোগের কারণে রেশম উৎপাদনে ব্যাপক ক্ষতি লক্ষ্য করা গেছে। পলুপোকার যে কোন রোগই মারাত্মক। পলুপোকার রোগ সংক্রমণ ব্যাক্টেরিয়া, ভাইরাস, ছত্রাক ও এককোষী প্রাণী ঘটিত হতে পারে। প্রতিকূলবন্দে অর্থাৎ জৈষ্ঠা (মে-জুন), শ্রাবণী (জুন-জুলাই), ভাদুড়ি (জুলাই-আগস্ট) এবং আশ্বিনা (আগস্ট-সেপ্টেম্বর) বন্দে রসা, কালশিরা এবং সন্ধ্যা রোগে ব্যাপক ক্ষতি হয়। অন্যান্য বন্দেও রসা এবং চুনাকাটি রোগে ব্যাপক ক্ষতি হয়ে থাকে।

রোগমুক্ত, ভাল রেশম গুটি রেশম চাষের একটি অবিচ্ছেদ্য অংশ। কেন্দ্রীয় রেশম গবেষণা ও প্রশিক্ষণ সংস্থান, বহরমপুর, পশ্চিমবঙ্গ সম্প্রতি ‘সেরিসিলিন’ নামে একটি উন্নত মানের পরিবেশ সুলভ এবং সুরক্ষিত পলু রোগ প্রতিরোধক আবিষ্কার করেছে। ইহা পলুর বিভিন্ন রোগ প্রতিরোধে বিশেষভাবে সক্ষম এবং পরীক্ষাগারেও প্রমাণিত। তাছাড়া পরীক্ষামূলকভাবে চাষীভাইদের মধ্যে ‘সেরিসিলিন’ ব্যবহার করে ব্যাপকভাবে সুফল পাওয়া গেছে। রাজ্য সরকারের বিভিন্ন খামারেও পরীক্ষা করে সুফল পাওয়া গেছে। চাষীভাইদের প্রয়োজনের কথা ভেবে এই পাউডার উৎপাদনে জাতীয় গবেষণা উন্নয়ন নিগম, ভারত সরকার, নিউ দিল্লী কর্তৃক দুটি উদ্যোগী সংস্থান যথা—১। মেসার্স নবগ্রাম রেশম শিল্প উন্নয়ন কোঅপারেটিভ সোসাইটি লিমিটেড, বিলোল, নবগ্রাম, জেলা মুর্শিদাবাদ

এবং ২। মেসার্স সাহা রেশম এন্টারপ্রাইজ, বহরমপুর, জেলা মুর্শিদাবাদ কে বাণিজ্যিকভাবে সরবরাহ করার জন্য লাইসেন্স প্রদান করেছে।

কেন্দ্রীয় রেশম বোর্ড এবং পশ্চিমবঙ্গ সরকারের রেশম খামার কর্তৃক পরীক্ষা

পলুপোকার বিভিন্ন রোগ বিশেষতঃ চুনাকাটি রোগ থেকে ফসল সুরক্ষিত করার জন্য ‘সেরিসিলিন’ প্রয়োগের প্রামাণিকতা যাচাই করার উদ্দেশ্যে ২০০৬-০৭ সাল থেকে পূর্ব ও উত্তর-পূর্ব অঞ্চলে ৪ বছর ধরে ৪টি আঞ্চলিক রেশম গবেষণা কেন্দ্র ও তার ১৪ টি গবেষণা বিস্তার কেন্দ্রে ‘সেরিসিলিন’ পরীক্ষা করা হয়েছে এবং ব্যাপকভাবে সুফল পাওয়া গেছে। ‘সেরিসিলিন’ রসা, কালশিরা, বিশেষতঃ চুনাকাটি রোগ প্রতিরোধে বিশেষ ভাবে কার্যকর। সমস্ত পরীক্ষা কেন্দ্রের অধীনে প্রায় তিন হাজার কৃষক দ্বারা তিন লাখ রোগ মুক্ত ডিমের পলুপালনে ‘সেরিসিলিন’ ব্যবহার করে দেখা গিয়েছে যে, প্রতি ১০০ ডিমে ৪.৯১ কেজি (১৪.৫৪ শতাংশ) বেশী গুটির ফলন পাওয়া গেছে। এছাড়াও কিছু ‘চুনাকাটি প্রবণ’ এলাকা, যেমন বিহারের রাজমহল, মণিপুরের ইমফল, উড়িষ্যার সিংগানপুর এবং পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ জেলার পাঁচগ্রাম, বলাশপুর, বীরভূমের ভদ্রপুর, রাইপুর এবং মালদা জেলার মোথাবারি এলাকায় ‘সেরিসিলিন’ ব্যবহার করে চাষীভাইয়েরা উল্লেখযোগ্য ভাবে সুফল পেয়েছেন।

সম্প্রতি এই গবেষণাগার, এই চারটি গবেষণা বিস্তার কেন্দ্র, আঞ্চলিক রেশমগুটি বীজ সংস্থা, মালদার অধীনস্থ চারটি রেশম পরিষেবা কেন্দ্র এবং কারিগরি পরিষেবা কেন্দ্র বন্ধু অধিদপ্তরের (রেশম), পশ্চিমবঙ্গ সরকার ভদ্রপুর দ্বারা ২০১০ সাল থেকে গত ২ বছর ধরে ‘সেরিসিলিন’ ব্যবহার



চুনাকাটি রোগ

করে, পশ্চিমবঙ্গ ঝাড়খন্ড এবং ছত্রিশগড় রাজ্যের ‘চুনাকাটি প্রবণ’ এলাকায় রোগ দমনে বিশেষভাবে সাফল্য পাওয়া গেছে এবং প্রায় পাঁচশো কৃষক দ্বারা পঞ্চাশ হাজার রোগ মুক্ত ডিমের পলুপালনে প্রতি ১০০ ডিমে ‘সেরিসিলিন’ ব্যবহার করে ৪.৪৬ কেজি (১৩.৭০ শতাংশ) বেশী গুটির ফলন পেয়েছেন।

‘সেরিসিলিনের’ বৈশিষ্ট্য


- এটি পরিবেশ বন্ধু উপাদানে তৈরী ও সবারকম আবহাওয়ায় সমান কার্যকরী।
- এটি একটি পরিবেশ সুলভ উন্নতমানের পলুরোগ প্রতিরোধক বিশেষভাবে চুনাকাটি রোগ প্রতিরোধে অধিক কার্যকর।
- এই পাউডারে পলুর সব সাধারণ রেশমকীট রোগের যথা রসা, কালশিরা ও স্বল্পা রোগের জীবাণু নাশক উপাদান বর্তমান।
- এটি সহজলভ্য, সস্তা ও সুরক্ষিত।
- এটির প্রয়োগ পদ্ধতি খুবই সহজ।

পলুর দশা	১০০ ডিমের জন্য পাউডারের পরিমাণ
দো কলপে সমস্ত পলু চিয়ানে ওঠার পর	৮০ গ্রাম
তে কলপে সমস্ত পলু চিয়ানে ওঠার পর	১২০ গ্রাম
শোধে সমস্ত পলু চিয়ানে ওঠার পর	৩০০ গ্রাম
রোজে সমস্ত পলু চিয়ানে ওঠার পর	৮০০ গ্রাম
রোজের তৃতীয় দিনে পাতা দেবার আগে	১২০০ গ্রাম
রোজের পঞ্চম দিনে পাতা দেবার আগে	১৫০০ গ্রাম
মোট পরিমাণ	৪০০০ গ্রাম বা ৪ কেজি

প্রয়োগ পদ্ধতি

- এক টুকরো মসলিন কাপড়ে পরিমাণমত পাউডার নিয়ে ডালার উপর ৩ - ৪ গ্রাম প্রতি বর্গ ফুটে প্রয়োগ করুন।
- পলু রহা থেকে উঠার পর প্রথম বার তুঁত পাতা দেওয়ার ৩০ মিনিট আগে পাউডার প্রয়োগ করতে হবে।

- এছাড়া রোজের পলুর চতুর্থ দিনে আরো একবার পাউডার প্রয়োগ করতে হবে।
- রোগের উপসর্গ বা লক্ষন দেখা দিলে প্রতিদিন একবার পাউডার প্রয়োগ করতে হবে।
- ১০০ ডিমের পলু পালনে ৪ কেজি ‘সেরিসিলিন’ লাগে।



‘সেরিসিলিন’ প্রয়োগ পদ্ধতি

সতর্কতা

- রহাতে বসার আগে এবং রহাতে পাউডার কখনও ব্যবহার করবেন না।
- সমস্ত পলু রহা থেকে উঠার পর পাউডার ব্যবহার করুন এবং ৩০ মিনিট অপেক্ষা করার পর পাতা দিন।
- পাউডার শুষ্ক স্থানে এবং সম্পূর্ণ পৃথক স্থানে রাখতে হবে।
- প্যাকেট খোলার পর পাউডার শিশুদের নাগাল থেকে দূরে রাখুন।



‘সেরিসিলিন’ প্রযুক্তি
হস্তান্তর এর প্রশিক্ষণ



‘সেরিসিলিন’ প্রযুক্তি
সচেনতা শিবির

অধিক তথ্যের জন্য যোগাযোগ করুন

ডঃ এস. নির্মল কুমার, নির্দেশক
কেন্দ্রীয় রেশম গবেষণা ও প্রশিক্ষণ সংস্থান
বস্ত্র মন্ত্রালয় ভারত সরকার, বহরমপুর-742101 (পশ্চিমবঙ্গ)
ফোন (03482) 251046 ফ্যাক্স (03482) 251233
EPABX: (03482) 253962/63/64 Ext.-244, 245
Email : csrtiber.csb@nic.in, csrtiber@gmail.com
Website : www.csrtiber.res.in



CSR&TI, Berhampore

Design : Tapas K. Maitra
Printed by : Unimage

সেরিসিলিন

পলুপোকার রোগ প্রতিকারে একটি আদর্শ পাউডার



ডঃ শতদল চক্রবর্তী
ডঃ অতুল কুমার সাহা
ডঃ এস. নির্মল কুমার

রেশমকীট রোগবিদ্যা বিভাগ
কেন্দ্রীয় রেশম গবেষণা ও প্রশিক্ষণ সংস্থান

ISO 9001 : 2008 সার্টিফায়েড

কেন্দ্রীয় রেশম বোর্ড

বস্ত্র মন্ত্রালয় : ভারত সরকার
বহরমপুর - 742101 (পশ্চিমবঙ্গ)